

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০২.১৮.৪ - ৫২৪

তারিখ: ২০ পৌষ ১৪২৫

০৩ জানুয়ারি ২০১৯

বিষয়: ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন মুক্তগাছা আব্বাছিয়া কামিল মাদরাসার শিক্ষক জনাব মানছুরা খাতুন এর প্রভাষক (হাদিস) পদে এমপিওভুক্তি প্রসঙ্গে।

- সূত্র: (১) মুক্তগাছা আব্বাসিয়া কামিল মাদরাসার স্মারক নং- মুআকামা ২০১৭/৮৫(০২) তারিখ: ০৭.১২.২০১৭খ্রি।  
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৭- তারিখ: ৩১.১০.২০১৮খ্রি।  
(৩) মুক্তগাছা আব্বাছিয়া কামিল মাদরাসার স্মারক নং- মুআকামা ২০১৮/৭৫(০২) তারিখ: ০৯.১১.২০১৮ খ্রি।  
(৪) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৮-৬২৩ তারিখ: ২২.১১.২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, মুক্তগাছা আব্বাছিয়া কামিল মাদরাসা কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে মাদরাসাটির প্রভাষক (হাদিস) জনাব মানছুরা খাতুন এর এমপিওভুক্তি জন্য আবেদন করা হয়।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মো: ইউছুফ বর্নিত মাদ্রাসায় সহকারী অধ্যাপক (আরবি) হিসেবে অবসর গ্রহণ করায় উক্ত পদে জনাব মানছুরা খাতুনকে কামিল স্তরের প্রভাষক (হাদিস) পদে নিয়োগ প্রদান করা হয় এবং এ পদে (প্রভাষক, হাদিস) এমপিওভুক্তির জন্য এ অধিদপ্তরে আবেদন করা হয়।

০৩. জনাব মানছুরা খাতুনকে কামিল স্তরের প্রভাষক (হাদিস) পদে এমপিওভুক্তির নিমিত্ত দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজ-পত্র চেয়ে সূত্রোক্ত ৩ নং স্মারকে অধ্যক্ষ, মুক্তগাছা আব্বাছিয়া কামিল মাদরাসা বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৪. অধ্যক্ষ কর্তৃক ৩ নং স্মারকের সাথে সংযুক্ত পত্রে উল্লিখিত হয়েছে যে, ১৯৮২ সালের জনবল কাঠামো অনুযায়ী তৎকালীন গভর্নিং বডি কর্তৃক জনাব মো: ইউছুফকে হেড মৌলানা পদ থেকে সমন্বয়ের মাধ্যমে কামিল স্তরের প্রভাষক হিসেবে পদায়ন দেয়া হয়। তাঁর এ ভায়ের সঠিকতার (জনাব মো: ইউছুফ কামিল স্তরের প্রভাষক হিসেবে নিয়োগ প্রাপ্ত) প্রমাণক হিসেবে নিম্নোক্ত তথ্য চেয়ে সূত্রোক্ত ৪ নং স্মারকে পুনরায় অধ্যক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়-

“(ক) জনাব মো: ইউছুফকে হেড মৌলানা পদ থেকে সমন্বয়ের মাধ্যমে কামিল স্তরের প্রভাষক হিসেবে পদায়ন সংক্রান্ত তৎকালীন গভর্নিং বডি কর্তৃক গৃহীত রেজুলেশন এর মূল কপি।

(খ) তৎকালীন গভর্নিং বডি কর্তৃক প্রভাষক (হাদিস) পদে জনাব মো: ইউছুফ এর নিয়োগ পত্রের মূল কপি।

(গ) প্রভাষক (হাদিস) পদে জনাব মো: ইউছুফ এর যোগদান পত্রের মূল কপি।

(ঘ) প্রভাষক (হাদিস) পদে নিয়োগ প্রাপ্তির পর এ পদে (প্রভাষ, হাদিস) এমপিও প্রাপ্তির নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন পত্রের মূল কপি।”

০৫. কিন্তু অধ্যক্ষ/মাদ্রাসা কর্তৃপক্ষ উপরিউক্ত তথ্যাদি এ অধিদপ্তরে সরবরাহ করতে পারেননি। অর্থাৎ জনাব মো: ইউছুফ কামিল স্তরের প্রভাষক হিসেবে নিয়োগ প্রাপ্ত মর্মে কোন প্রমাণক মাদ্রাসা কর্তৃপক্ষ এ অধিদপ্তরে দাখিল করতে সক্ষম হয়নি।

০৬. উল্লেখ্য যে জনাব মো: ইউছুফ এর শূণ্য পদে জনাব মানছুরা খাতুনকে (কামিল স্তরের প্রভাষক হিসেবে) নিয়োগ দেয়া হয়েছে। যেহেতু জনাব মো: ইউছুফ কামিল স্তরের প্রভাষক হিসেবে নিয়োগ প্রাপ্ত মর্মে কোন প্রমাণক নেই সেহেতু জনাব মো: ইউছুফ এর অবসর জনিত শূণ্য পদে কামিল স্তরের প্রভাষক হিসেবে জনাব মানছুরা খাতুনের প্রভাষক (হাদিস) পদে এমপিও প্রাপ্তির কোন সুযোগ আছে মর্মে এ অধিদপ্তর মনে করে না।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত বর্ণনার আলোকে ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন মুক্তগাছা আব্বাছিয়া কামিল মাদরাসার প্রভাষক (হাদিস) জনাব মানছুরা খাতুন এর এমপিওভুক্তির বিষয়টি মহোদয়ের গোচরে নেয়া হলো।



৬-১-২০১৯

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক

অধ্যক্ষ

মুক্তাগাছা আব্বাছিয়া কামিল মাদরাসা, ডাক:+উপজেলা-  
মুক্তাগাছা, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০২.১৮.৪/১

তারিখ: ২০ পৌষ ১৪২৫  
০৩ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল।
- ৩) জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ৫) অফিস, কপি



৬-১-২০১৯

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক